Bangladesh

# বেলকুচি পৌরসভা কার্যালয়

বেলকুচি , সিরাজগঞ্জ।

ই-মেইল : mayorbelkuchi2014.bp@gmail.com

" শেখ হাসিনার মূলনীতি গ্রাম শহরের উন্নতি

স্মারক নং- বেল/ পৌর/ প্রশা/ইজারা/২০২৩/১৮৭৩ তারিখ : ২৩/০১/২০২৩খ্রি.

বেলকুচি পৌরসভার নিয়ন্ত্রণাধীন হাট-বাজার, মুকুন্দগাঁতী বাস, ট্রাক, সিএনজি , অটোরিক্সা (বড়) (ব্যাটারী চালিত রিক্সা/ভ্যান ব্যতীত) ষ্ট্যান্ড, দেলুয়া কোল ঘাট /খেয়া ঘাট, কসাইখানা ও গণ-শৌচাগার বাংলা ১৪৩০সনের ইজারা সংক্রান্ত বিজ্ঞপ্তি।

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বেলকুচি পৌরসভাধীন নিম্নবর্ণিত **হাট-বাজার, মুকুন্দগাঁতী বাস, ট্রাক, সিএনজি অটোরিক্সা (বড়) ষ্ট্যান্ড, দেলুয়া কোল ঘাট/খেয়া ঘাট, কসাইখানা এবং গণ-শৌচাগার** আগামী ১৪৩০ বাংলা সনের ১লা বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত (১বছর মেয়াদী) সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে ইজারা বন্দোবস্ত প্রদানের জন্য নির্ধারিত ফরমে দরপত্র সিডিউলের মাধ্যমে নিম্নবর্ণিত তথ্যাদি ও শর্তসমূহের ভিত্তিতে সীলমোহরযুক্ত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

**"ক্যালেন্ডার"**

| দরপত্র দাখিলের তারিখ ও সময় সূচী | | | | | |
|---|---|---|---|---|---|
| ১ | | ২ | | ৩ | |
| ১ম পর্যায় | | ২য় পর্যায় | | ৩য় পর্যায় | |
| দরপত্র বিক্রয়ের শেষ তারিখ | ০৮/০২/২০২৩ খ্রি. অফিস চলাকালীন সময় পর্যন্ত | দরপত্র বিক্রয়ের শেষ তারিখ | ২২/০২/২০২৩খ্রি. অফিস চলাকালীন সময় পর্যন্ত | দরপত্র বিক্রয়ের তারিখ | ০৬/০৩/২০২৩খ্রি. অফিস চলাকালীন সময় পর্যন্ত |
| দরপত্র দাখিলের তারিখ ও সময় | ০৯/০২/২০২৩ খ্রি. দুপুর ০১:০০ ঘটিকা পর্যন্ত | দরপত্র দাখিলের তারিখ ও সময় | ২৩/০২/২০২৩ খ্রি. দুপুর ০১:০০ ঘটিকা পর্যন্ত | দরপত্র দাখিলের তারিখ ও সময় | ০৭/০৩/২০২৩ দুপুর ০১:০০ ঘটিকা পর্যন্ত |

"ইজারা সংক্রান্ত তথ্যাবলী"

| ক্রঃ নং | ইজারাযোগ্য হাট-বাজার/ প্রতিষ্ঠানের নাম | সম্ভাব্য ইজারা মূল্য (সরকারি কাঙ্খিত মূল্য) | দরপত্রের মূল্য (অফেরত যোগ্য) |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১ | সোহাগপুর হাট-বাজার | ২,৩৫,৪৪,৩৬৬.৬৭ | ৫০,০০০,০০ |
| ২ | মুকুন্দগাঁতী দৈনিক বাজার | ২৪,৫৮,৬৭০.০০ | ৫০০০.০০ |
| ৩ | চালা হাট বাজার | ৭৬,৩২০.০০ | ৫০০.০০ |
| ৪ | কামারপাড়া চৌমহনী দৈনিক বাজার | ৩,১৬,১০৯.৬৬৬৭ | ৫০০.০০ |
| ৫ | মুকুন্দগাঁতী বাস, ট্রাক, সিএনজি ও অটোরিক্সা (বড়) ষ্ট্যান্ড | ২৮,৬৯,৪২০.০ | ৫,৫০০.০০ |
| ৬ | দেলুয়া কোল ঘাট/খেয়া ঘাট | ২,৫৯,৭০০.০ | ১০০০.০০ |
| ৭ | সোহাগপুর হাটের কসাই খানা | ২২,৮১৪.৭৩৩৩৩ | ৫০০.০০ |
| ৮ | সোহাগপুর হাট-বাজারের মধ্যে হাট অফিসের পার্শ্বে গণ-শৌচাগার | ১৭,৪১৯.৩৩৩৩৩ | ৫০০.০০ |
| ৯ | মুকুন্দগাঁতী দৈনিক বাজারের গণ-শৌচাগার | ১৪,০৮০.৩৩৩৩৩ | ৫০০.০০ |

১। দরপত্র বিক্রয়ঃ (ক) জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ (খ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বেলকুচি, সিরাজগঞ্জ (গ) সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, বেলকুচি, সিরাজগঞ্জ (ঘ) বেলকুচি থানা, সিরাজগঞ্জ (ঙ) সোনালী ব্যাংক, সোহাগপুর শাখা, বেলকুচি, সিরাজগঞ্জ ও (চ) বেলকুচি পৌরসভা কার্যালয়, বেলকুচি সিরাজগঞ্জ হতে নির্ধারিত মূল্যে (অফেরৎ যোগ্য) দরপত্র দাখিলের পূর্ব কার্য দিবস পর্যন্ত অফিস চলাকালীন সময়ে দরপত্র সিডিউল ক্রয় করা যাবে।

২। দরপত্র গ্রহণ : (ক) জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ, (খ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বেলকুচি,সিরাজগঞ্জ (গ) সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, বেলকুচি, সিরাজগঞ্জ (ঘ) বেলকুচি পৌরসভায় রক্ষিত দরপত্র বাক্সে, ছকে উল্লিখিত তারিখে বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত দরপত্র গ্রহণ করা হবে এবং দরপত্র সমূহ একীভূত করে উক্ত তারিখে বিকাল ৩.০০ ঘটিকার সময় দরদাতাগণের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে।

৩। দরপত্রের উল্লিখিত দরের ৫০% অর্থ বিডি/পে-অর্ডার আকারে **বরাবর , মেয়র, বেলকুচি পৌরসভা-এর অনুকূলে** দরপত্রের সঙ্গে দাখিল করতে হবে। যার দরপত্র গৃহীত হবে তার দরপত্রের সাথে জামানতের ৫০% অর্থের ৪৫ % অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত হবে। ইজারা গ্রহীতা কর্তৃক নিয়মিত হাট-বাজার,কসাই খানা ও গণ-শৌচাগার পরিষ্কার-পরিচ্ছন্ন না করলে বা অন্য কোন ক্ষতি সাধন করলে সংরক্ষিত জামানতের অর্থ হতে তা মিটানো হবে । বছর সমাপনান্তে উক্ত ৫% অর্থ অব্যয়িত থাকলে ইজারাদার বরাবরে ফেরত প্রদান করা হবে।

৪। দরপত্রদাতা তার দরপত্র গৃহীত হয়েছে মর্মে অবহিত হওয়ার ০৭(সাত) কার্য দিবসের মধ্যে ইজারা মূল্যে অবশিষ্ট ৫৫% অর্থ পৌরসভার রাজস্ব তহবিলে জমা প্রদান করতে হবে এবং ইজারা মূল্যের অতিরিক্ত ১৫% ভ্যাট ও ১০% আয়কর একযোগে ট্রেজারী চালানের মাধ্যমে সংশ্লিষ্ট সরকারী কোষাগারে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র বাতিল সহ জামানত বাজেয়াপ্ত করা হবে।

৫। সরকারী হাট-বাজার নীতিমালার আলোকে চুক্তিনামা সমাপনান্তে হাট-বাজার, বাস, ট্রাক, সিএনজি ,অটোরিক্সা (বড়) ষ্ট্যান্ড কোল ঘাট/খেয়া ঘাট, কসাইখানা এবং গণ-শৌচাগার ইজারার দখলনামা হস্তান্তর করা হবে।

৬। ২নং ক্রমিকে উল্লিখিত অফিসে দাখিলকৃত দরপত্রসমূহ একীভূত করে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। হাট-বাজার, বাস, ট্রাক, সিএনজি, অটোরিক্সা (বড়) ষ্ট্যান্ড, কোল ঘাট/খেয়া ঘাট, কসাইখানা এবং গণ-শৌচাগার ইজারা সংক্রান্ত অন্যান্য তথ্যাদি অফিস চলাকালিন সময়ে পৌরসভার সাধারণ শাখা হতে জানা যাবে বা দেখা যাবে।

৭। বর্ণিত ছকের ১ম তারিখে হাট-বাজার নীতিমালার আলোকে কোন দরপত্র গ্রহণযোগ্য হলে পরবর্তী তারিখে ইজারাযোগ্য প্রতিষ্ঠানের সিডিউল বিক্রয় হবে না। যে সকল ইজারাযোগ্য প্রতিষ্ঠানের দরপত্র গ্রহণযোগ্য হবে না সেগুলো সিডিউল ছকের বর্ণিত তারিখ সমূহে পর্যায়ক্রমে বিক্রয়ের মাধ্যমে ইজারা হবে।

৮। হাট-বাজার ইজারার দরপত্র সিডিউল ক্রয়কালে ইজারাদার/ ব্যবসায়ী প্রতিষ্ঠানকে অবশ্যই ইজারাদার ট্রেড লাইসেন্স প্রদর্শন করতে হবে এবং দরপত্রের সহিত ইজারা ট্রেড লাইসেন্সের ফটোকপি দাখিল করতে হবে।

৯। যদি কোন ইজারাদার ইজারা গ্রহণ করার পর পৌর তহবিলে ইজারার অর্থ যথাসময়ে জমা প্রদান না করেন এবং সরকারী কোষাগারে ভ্যাট ও আয়কর প্রদানের অপারগতা প্রকাশ করেন তবে তিনি আগামী ০১(এক) বছরের জন্য অত্র পৌরসভায় কোন ধরণের দরপত্রে (ইজারায়) অংশ গ্রহণ করতে পারবেন না। এ শর্ত ভঙ্গ করে কোন দরদাতা দরপত্র দাখিল করলে তার দরপত্র বাতিল বলে গন্য হবে।

১০। পৌর কর্তৃপক্ষ কোন কারণ ব্যতিরেকে / ছাড়াই যে কোন দরপত্র বাতিল বা গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করেন।

( মোঃ সাজ্জাদুল হক রেজা)
মেয়র
বেলকুচি পৌরসভা,সিরাজগঞ্জ।
০১৭১২-০০৩১৫৮

স্মারক নং-বেল/পৌর/ প্রশা/ ইজারা/২০২৩/১৬৭৬/১(৫৪)
তারিখঃ ২৩/০১/২০২৩খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও বহুল প্রচারের জন্য প্রেরণ করা হলোঃ

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৩। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ।
৪। পুলিশ সুপার, সিরাজগঞ্জ।
৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, সিরাজগঞ্জ।
৬। উপজেলা নির্বাহী অফিসার, বেলকুচি, সিরাজগঞ্জ।
৭। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, বেলকুচি, সিরাজগঞ্জ।
৮। সহকারী কমিশনার(ভূমি) , বেলকুচি, সিরাজগঞ্জ ।
৯। উপজেলা প্রকৌশলী , বেলকুচি , সিরাজগঞ্জ।
১০। ভারপ্রাপ্ত কর্মকর্তা, বেলকুচি থানা, সিরাজগঞ্জ।
১১। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, সোহাগপুর শাখা, সিরাজগঞ্জ।
১২। সাব-রেজিষ্টার, বেলকুচি, সিরাজগঞ্জ।
১৩-২৪। জনাব/ জনাবা ........................................................................................ কাউন্সিলর (সকল) ,বেলকুচি পৌরসভা, সিরাজগঞ্জ।
২৫ পৌর নির্বাহী কর্মকর্তা, বেলকুচি পৌরসভা, সিরাজগঞ্জ।
২৬। সহকারী প্রকৌশলী , বেলকুচি পৌরসভা, সিরাজগঞ্জ।
২৭। হিসাব রক্ষণ কর্মকর্তা, বেলকুচি পৌরসভা, সিরাজগঞ্জ।
২৮। প্রশাসনিক কর্মকর্তা, বেলকুচি পৌরসভা, সিরাজগঞ্জ।
২৯। পোষ্ট মাস্টার, বেলকুচি, সিরাজগঞ্জ।
৩০। উপ-সহকারী ভূমি কর্মকর্তা, বেলকুচি পৌর ভূমি অফিস, সিরাজগঞ্জ।
৩১। হিসাব রক্ষক, বেলকুচি পৌরসভা, সিরাজগঞ্জ।
৩২। বাজার পরিদর্শক, বেলকুচি পৌরসভা, সিরাজগঞ্জ।
৩৩। সভাপতি/ সাধারণ সম্পাদক, মুকুন্দগাঁতী বাজার বণিক সমিতি, বেলকুচি,সিরাজগঞ্জ।
৩৪। জনাব............................................................ইজারাদার (পূর্ববর্তী/ বর্তমান) সকল হাট-বাজার, বেলকুচি , সিরাজগঞ্জ।
৩৫। (১) বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক দেশ রুপান্তর , ৪৪৬/এইচ লাভ রোড, তেজগাঁও শিল্প এলাকা ,ঢাকা-১২০৮ (২) বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক যুগের কথা, জুবলী বাগান লেন, মুজিব সড়ক, সিরাজগঞ্জ আগামী ২৫/০১/২০২৩ইং তারিখের মধ্যে তার পত্রিকার ভিতরের পাতায় সল্প পরিসরে ০১ দিন মাত্র বিজ্ঞাপনটি প্রচার করে বিল দাখিল করার জন্য অনুরোধ করা হলো।
৩৬-৫১। জনাব/ জনাবা........................................................মহল্লা..............................................(গন্যমান্য), বেলকুচি, সিরাজগঞ্জ।
৫২। ........................................................ মাইকিং অপারেটর, চলা, বেলকুচি, সিরাজগঞ্জ ০৩ (তিন) দিন বিজ্ঞাপনটি পৌর এলাকায় বহুল প্রচার করে পৌরসভায় বিল দাখিল করার জন্য নির্দেশ দেয়া হলো।
৫৩-৫৪। অফিস নথি / নোটিশ বোর্ড, অত্রাফিস।

( মোঃ সাজ্জাদুল হক রেজা)
মেয়র
বেলকুচি পৌরসভা,সিরাজগঞ্জ।